রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী
কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

ফোনঃ ৮৬২৪৬৪
ফ্যাক্সঃ ৮৬২৪৫৬, ৮৬২৪৫১
ই-মেইলঃ dgmcad1@rakub.org.bd
ওয়েবসাইটঃ www.rakub.org.bd

প্রকা/কেহিবি-১/পরিপত্র নং-০৫/২০১৫

তারিখঃ ১০ ডিসেম্বর ২০১৫ / ২৬ অগ্রহায়ণ ১৪২২

সকল জোনাল ব্যবস্থাপক
উপ-মহাব্যবস্থাপক
স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী/ ঢাকা শাখা, ঢাকা
সকল শাখা ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

জোনাল কার্যালয়, এলপিও ও ঢাকা শাখা
dgmcad1@rakub.org.bd/
dgmrakubcad1@gmail.com e-mail address এ
নিম্নোক্ত বিবরণী প্রেরণ করতে হবেঃ
সংযুক্তি 'ক' ঃ ০২-০১-২০১৬ তারিখের মধ্যে
সংযুক্তি 'খ' ঃ ০২-০১-২০১৬ তারিখের মধ্যে
সাপ্তাহিক প্রতিবেদন ঃ ০২-০১-২০১৬ তারিখের মধ্যে

বিষয়ঃ অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী ৩১ ডিসেম্বর ২০১৫।

শিরোনামে বর্ণিত বিষয়ে হিসাব ও জেনারেল ব্যাংকিং ম্যানুয়েল-১৯৮৭(১ম খণ্ড) এর ১৪.০১ হতে ১৪.১৮নং অনুচ্ছেদের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ম্যানুয়েলের উক্ত অনুচ্ছেদসমূহে বর্ণিত নির্দেশ ও পরবর্তীতে বিভিন্ন সময়ে জারিকৃত পত্র/পরিপত্রের নির্দেশানুযায়ী অর্ধ-বার্ষিক হিসাব সমাপন করতে হবে। ৩১ ডিসেম্বর, ২০১৫তারিখে শাখাসমূহ একটি "সমাপনী পূর্ব এবং সমাপনী উত্তর" বৈষয়িক বিবরণী (এসিএফ-৩৭ সংশোধিত) তৈরি করবে। কম্পিউটারাইজড শাখাসমূহ কম্পিউটার স্পষ্ট প্রিন্টের বৈষয়িক বিবরণী প্রেরণ করতে পারবে। স্মরণ রাখতে হবে যে, বৈষয়িক বিবরণীতে হিসাবের মূল খাতের স্থানে কোন অবস্থাতেই হিসাবের উপখাত লিখা যাবে না। উপখাতসমূহ বৈষয়িক বিবরণীর শেষের পাতায় নির্দিষ্ট জায়গায় লিখতে হবে। মূল খাতের স্থিতির সাথে সংশ্লিষ্ট উপখাতের সমষ্টির মিল থাকতে হবে। বৈষয়িক বিবরণীতে ব্যবস্থাপক ও দ্বিতীয় কর্মকর্তার স্বাক্ষরের নিচে মোবাইল নম্বর দিতে হবে। বৈষয়িক বিবরণী নির্ভুল ও বিধিসম্মতভাবে প্রস্তুত করা হয়েছে মর্মে একটি প্রত্যয়ন পত্র বৈষয়িক বিবরণীর সাথে সংযুক্ত করতে হবে (সংযুক্তি-গ)।

০৩। হিসাব সমাপীনর সুবিধার্থে নিম্নবর্ণিত দিক নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

৩.০১। **২১-চলতি হিসাবঃ**

চলতি হিসাবে কোন সুদ প্রদান করা যাবে না। প্রতিটি হিসাব হতে Accounts Maintenance Fee বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা আদায় করতে হবে। হিসাবের স্থিতি ৫০০/- টাকার কম হলে সম্পূর্ণ টাকা কর্তন করতে হবে। এক্ষেত্রে নিম্নরূপ স্থানান্তর ভাউচার হবে।

ডেবিট	ক্রেডিট
২১-চলতি হিসাব	৪৬/১৩ বিবিধ আয়

সূত্র নংঃ শানিবি/পরিপত্র নং-০৩/২০১০ তারিখঃ ২০-০৪-২০১০
সূত্র নংঃ শানিবি/সার্কুলার লেটার নং-০২/২০১০ তারিখঃ ০৬-০৬-২০১০

৩.০২। **২২-সঞ্চয়ী হিসাবঃ**

ক) ১ জুলাই হতে ৩০ ডিসেম্বর ২০১৫ পর্যন্ত প্রতি মাসের সর্বনিম্ন স্থিতির উপর ভিত্তি করে সঞ্চয়ী আমানত হিসাবে সর্বনিম্ন ৫০.০০ টাকা এবং সর্বোচ্চ যে কোন অংকের স্থিতির উপর নির্ধারিত হারে সুদ প্রদান করতে হবে। সুদের পরিমাণ পূর্ণ টাকার অংকে হবে। প্রদত্ত সুদের উপর প্রযোজ্য হারে যথারীতি উৎসে আয়কর কর্তন করতে হবে।

খ) নিম্নোক্তভাবে Accounts Maintenance Fee আদায়/কর্তন করতে হবেঃ

* সঞ্চয়ী হিসাবে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা পর্যন্ত গড় আমানত স্থিতির ক্ষেত্রে Accounts Maintenance Fee আদায় করা যাবে না।
* ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত গড় আমানত স্থিতির ক্ষেত্রে Accounts Maintenance Fee প্রতি ষান্মাসিকে ১০০/- (একশত) টাকা আদায় করতে হবে।
* ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার উর্ধ্বে গড় আমানত স্থিতির ক্ষেত্রে Accounts Maintenance Fee প্রতি ষান্মাসিকে ৩০০/- (তিনশত) টাকা আদায় করতে হবে।

চলমান পাতা নং-০২

* কৃষি উপকরণ সহায়তাকার্ডধারী কৃষকের বিশেষ ভর্তুকী আমানত হিসাব, মুক্তিযোদ্ধাদের হিসাব, অন্যান্য দারিদ্র্য বিমোচন কর্মসূচীর সুফলভোগীদের সঞ্চয়ী হিসাবসমূহ এবং সঞ্চয়ী হিসাব-স্কুল ব্যাংকিং (School Banking) হতে বর্ণিত Accounts Maintenance Fee কর্তন করা যাবে না।

সূত্র নংঃ শানিবি/পরিপত্র নং-০৩/২০১০ তারিখঃ ২০-০৪-২০১০
শানিবি/সার্কুলার লেটার নং-০২/২০১০ তারিখঃ ০৬-০৬-২০১০
শানিবি/সার্কুলার লেটার নং-০১/২০১৩ তারিখঃ ১২-০৫-২০১৩

গ) উপরোক্ত ক ও খ এর ক্ষেত্রে নিম্নরূপ স্থানান্তর ভাউচার হবে

ডেবিট	ক্রেডিট
১৩৩/৩৭ আমানতের সুদ ব্যয়	২২ সঞ্চয়ী হিসাব
২২ সঞ্চয়ী হিসাব	৪১/১০- এ উৎসে আয়কর বিবিধ প্রদেয়
২২ সঞ্চয়ী হিসাব	৪৬/১৩ বিবিধ আয় (Accounts Maintenance Fee)

ঘ) ব্যাংক কোম্পানী আইন-১৯৯১ এর ৩৫ ধারা অনুযায়ী ১০ বৎসর ও তদুর্ধ্ব সময় যাবত লেনদেন বিহীন অদাবীকৃত সকল আমানত হতে বর্ণিত Accounts Maintenance Fee কর্তন করা যাবে না।

৩.০৩। **২৩-স্থায়ী আমানত হিসাবঃ**

বার্ষিক হিসাব সমাপনীকালে **কেবলমাত্র পূর্ণতাপ্রাপ্ত স্থায়ী আমানত হিসাবে** নির্ধারিত হারে সুদ হিসাবায়ন করে ব্যয় হিসাব খাত ১৩৩/৩৭ ডেবিট এবং সংশ্লিষ্ট আমানত হিসাবটি ক্রেডিট করতে হবে। প্রদত্ত সুদের উপর প্রযোজ্য হারে উৎসে আয়কর কর্তন করতে হবে। কিন্তু মেয়াদ পূর্ণ হয় নাই এমন হিসাবসমূহের ক্ষেত্রে ৩১ ডিসেম্বর পর্যন্ত দিনের সংখ্যা হিসাব করে নির্ধারিত হারে সুদ হিসাবায়নের পর উহা প্রভিশন করে ব্যয় হিসাব "১৩৩/৩৭ আমানতের উপর সুদ" ডেবিট এবং "৪১/৪ মেয়াদী আমানতের উপর" প্রদেয় সুদ বিবিধ প্রদেয় হিসাব খাত ক্রেডিট করতে হবে। প্রভিশনকৃত সুদ সম্পূরক (Supplementary) খতিয়ানে ৪১/৪ হিসাব খাতে লিপিবদ্ধ করে রাখতে হবে। প্রভিশনকৃত সুদের উপর উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবে না। সংশ্লিষ্ট স্থায়ী আমানত সমূহের পূর্ণতা প্রাপ্তি/বছর পূর্তির তারিখে (পূর্ণতা প্রাপ্তির তারিখ সরকারী ছুটি থাকলে পরবর্তী কার্য দিবসে) ১ জুলাই হতে দিনের সংখ্যা হিসাব করে অবশিষ্ট সময়ের সুদ ধার্য করে নিম্নরূপ স্থানান্তর ভাউচার সম্পাদন করতে হবে এবং সম্পূর্ণ সুদ আমানত হিসাবে ক্রেডিট করতে হবে। এক্ষেত্রে প্রদত্ত মোট সুদের উপর প্রযোজ্য হারে উৎসে আয়কর কর্তন করতে হবে।

ডেবিট	ক্রেডিট
১৩৩/৩৭ আমানতের উপর সুদ	২৩ স্থায়ী আমানত হিসাব
১৩৩/৩৭ অবশিষ্ট সময়ের সুদ	৪১/৪ প্রভিশনকৃত সুদ

৩.০৪। **২১৩-স্পেশাল নোটিশ ডিপোজিট (এসএনডি)ঃ**

হিসাব বন্ধ করার সময় এবং বাৎসরিক হিসাব সমাপনীতে ৩১,ডিসেম্বর দৈনিক সমাপনী স্থিতির ভিত্তিতে সুদ প্রদেয় হবে। প্রদত্ত সুদের উপর প্রযোজ্য হারে যথারীতি উৎসে আয়কর কর্তন করতে হবে। তবে কোন অবস্থাতেই চক্রবৃদ্ধি আকারে সুদ দেয়া যাবে না। এসএনডি হিসাব পরিচালনা ও উহার উপর সুদ ধার্যকরণের ক্ষেত্রে শাখা নিয়ন্ত্রণ বিভাগের সার্কুলার নং ০৪/২০১০ তারিখঃ ২৭-০৬-২০১০, সার্কুলার নং-০১/২০১২ তারিখঃ ২২-০১-২০১২ ও সার্কুলার নং-০৬/২০১২ তারিখঃ ২৭-০৮-২০১৩ এ বর্ণিত নীতিমালা অনুসরণ করতে হবে। প্রতিটি হিসাব হতে একাউন্ট মেইনটেন্সে ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা প্রতি ষান্মাসিকে আদায় করতে হবে। হিসাবের স্থিতি ৫০০/- টাকার কম হলে সম্পূর্ণ টাকা কর্তন করতে হবে।

৩.০৫। **২১৫-ডিপিএস হিসাবঃ**

বিকেবি এর পরিপত্র নং- হিসাব-২১/৮৫, তারিখঃ ২৪-০৪-১৯৮৫ ইং মোতাবেক সকল ডিপিএস হিসাবে ১৫% সুদারোপ করতে হবে এবং সেক্ষেত্রে "১৩৩/৩৭(এ) ডিপিএস আমানতের উপর প্রদত্ত সুদ" হিসাবকে ডেবিট এবং ২১৫-ডিপিএস হিসাবকে ক্রেডিট করতে হবে। উল্লেখ্য প্রদেয় সুদের উপর কোন উৎসে আয়কর কর্তন হবে না। অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী জন্য নির্ধারিত হারে সুদ হিসাবায়ন করে প্রভিশন করতে হবে এবং পরবর্তী কার্যদিবসে যথারীতি রিভার্স করতে হবে।

৩.০৬। **২১৯- রাকাব পেনশন সঞ্চয় প্রকল্পঃ**

উক্ত হিসাবের সুদ প্রদানের ক্ষেত্রে রাকাব, শানিবি পরিপত্র নং-৫/৯৭, তারিখঃ ০৭-১০-১৯৯৭ ইং এ বর্ণিত নির্দেশনানুযায়ী সুদারোপ করতে হবে। ৫ বছর মেয়াদী হিসাবে ১০% এবং ১০ বছর মেয়াদী হিসাবে ১২% সুদ প্রদান করতে হবে এবং সেক্ষেত্রে ১৩৩/৩৭(এ) খাতকে ডেবিট করে সুদ হিসাবভুক্ত করতে হবে। শাখা নিয়ন্ত্রণ বিভাগের ১৫-০৫-২০০১ ইং তারিখের সার্কুলার লেটার নং-০৪/২০০১ এর নির্দেশ মোতাবেক আরপিএস হিসাবের সুদ হতে উৎসে আয়কর কর্তন করতে হবে না। অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী জন্য নির্ধারিত হারে সুদ হিসাবায়ন করে প্রভিশন করতে হবে এবং পরবর্তী কার্যদিবসে যথারীতি রিভার্স করতে হবে।

চলমান পাতা নং-০৩

৩.০৭। **রাকাব ডাবল মানি স্কীম (RDMS)ঃ**

রাকাব ডাবল মানি স্কীমের সুদ ও হিসাবায়ন সম্পর্কে রাকাব, শাখা নিয়ন্ত্রণ বিভাগের ৩০-০৫-২০১১ তারিখের শানিবি সার্কুলার নং-০৪/২০১১ এবং ০৪-০৩-২০১২ তারিখের শানিবি সার্কুলার লেটার নং-০১/২০১২ অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে বলা হলো। প্রদেয় সুদের উপর প্রযোজ্য হারে উৎসে আয়কর কর্তন করতে হবে। শাখা নিয়ন্ত্রণ বিভাগের সার্কুলার নং-প্রকা/শানিবি-সার্কুলার নং-০৯/২০১৪ তারিখঃ ১৭-০৭-২০১৪ এর মাধ্যমে রাকাব ডাবল মানি স্কীম হিসাব খোলা বন্ধ করা হয়েছে। অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী জন্য নির্ধারিত হারে সুদ হিসাবায়ন করে প্রভিশন করতে হবে এবং পরবর্তী কার্যদিবসে যথারীতি রিভার্স করতে হবে।

৩.০৮। **রাকাব ট্রিপল মানি স্কীম (RTMS)ঃ**

রাকাব, শাখা নিয়ন্ত্রণ বিভাগের ১৪-১২-২০১১ তারিখের শানিবি সার্কুলার নং-০৮/২০১১ এবং ২১-০৫-২০১২ তারিখের সার্কুলার লেটার নং-০৩/২০১২ এর নির্দেশনা মোতাবেক রাকাব ট্রিপল মানি স্কীম (RTMS) এর সুদ হার, প্রদেয় সুদ এবং টাকা প্রদেয় হবে। প্রদেয় সুদের উপর প্রযোজ্য হারে উৎসে আয়কর কর্তন করতে হবে। শাখা নিয়ন্ত্রণ বিভাগের সার্কুলার নং-প্রকা/শানিবি-সার্কুলার নং-০৯/২০১৪ তারিখঃ ১৭-০৭-২০১৪ এর মাধ্যমে **রাকাব ট্রিপল মানি স্কীম** হিসাব খোলা বন্ধ করা হয়েছে। অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী জন্য নির্ধারিত হারে সুদ হিসাবায়ন করে প্রভিশন করতে হবে এবং পরবর্তী কার্যদিবসে যথারীতি রিভার্স করতে হবে।

৩.০৯। **রাকাব মাসিক মুনাফা স্কীম** (RMPS) ঃ

রাকাব, শাখা নিয়ন্ত্রণ বিভাগের ০৬-০২-২০১২তারিখের শানিবি সার্কুলার নং-০২/২০১২ এর নির্দেশনা মোতাবেক রাকাব মাসিক মুনাফা স্কীম (RMPS) এর সুদ হার, প্রদেয় সুদ এবং টাকা প্রদেয় হবে। অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী জন্য নির্ধারিত হারে সুদ হিসাবায়ন করে প্রভিশন করতে হবে এবং পরবর্তী কার্যদিবসে যথারীতি রিভার্স করতে হবে।

৩.১০। **রাকাব মিলিয়নিয়ার ডিপোজিট স্কীম (RMDS)**

রাকাব, শাখা নিয়ন্ত্রণ বিভাগের ০৮-০৭-২০১২তারিখের শানিবি সার্কুলার নং-০৪/২০১২ এর নির্দেশনা মোতাবেক রাকাব মাসিক মুনাফা স্কীম (**RMDS**) এর সুদ হার, প্রদেয় সুদ এবং টাকা প্রদেয় হবে। অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী জন্য নির্ধারিত হারে সুদ হিসাবায়ন করে প্রভিশন করতে হবে এবং পরবর্তী কার্যদিবসে যথারীতি রিভার্স করতে হবে।

৩.১১। **রাকাব মাসিক সঞ্চয় স্কীম (RMSS)ঃ**

রাকাব, শাখা নিয়ন্ত্রণ বিভাগের ১৩-০৬-২০১২তারিখের শানিবি সার্কুলার নং-০৩/২০১২ এর নির্দেশনা মোতাবেক রাকাব মাসিক মুনাফা স্কীম (**RMSS**) এর সুদ হার, প্রদেয় সুদ এবং টাকা প্রদেয় হবে। অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী জন্য নির্ধারিত হারে সুদ হিসাবায়ন করে প্রভিশন করতে হবে এবং পরবর্তী কার্যদিবসে যথারীতি রিভার্স করতে হবে।

৩.১২। **রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক সঞ্চয় স্কীমঃ**

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক সঞ্চয় স্কীম (আরএসএস) এর হিসাবায়নে শাখা নিয়ন্ত্রণ বিভাগের ০৮-০৯-২০০৮ তারিখের পরিপত্র নং-২/২০০৮ এর নির্দেশনা পরিপালন করতে হবে। উক্ত হিসাবে ৯% (চক্রবৃদ্ধি) হারে বাৎসরিক ভিত্তিতে সুদ প্রদেয় হবে। উক্ত হিসাবে প্রদেয় সুদ ১৩৩/৩৭ই "রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক সঞ্চয় স্কীম" এর প্রদেয় সুদ খাতে হিসাবভূক্ত করতে হবে। প্রদেয় সুদের উপর প্রযোজ্য হারে উৎসে আয়কর কর্তন করতে হবে। অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী জন্য নির্ধারিত হারে সুদ হিসাবায়ন করে প্রভিশন করতে হবে এবং পরবর্তী কার্যদিবসে যথারীতি রিভার্স করতে হবে।

৩.১৩। **কৃষক সঞ্চয় স্কীম (কেএসএস)ঃ**

কৃষক সঞ্চয় স্কীম (কেএসএস) এর হিসাবায়নে শাখা নিয়ন্ত্রণ বিভাগের ৩১-০৩-২০১১ তারিখের সার্কুলার নং-০২/২০১১ এর নির্দেশনা পরিপালন করতে হবে। উক্ত হিসাবে ৯% (চক্রবৃদ্ধি) হারে বাৎসরিক ভিত্তিতে বার্ষিক হিসাব সমাপনীর তারিখে সুদ প্রদেয় হবে। উক্ত হিসাবের প্রদেয় সুদ ১৩৩/৩৭এফ "কৃষক সঞ্চয় স্কীম" (কেএসএস) এর সুদ ব্যয় খাতকে ডেবিট করে হিসাবায়ন করতে হবে। অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী জন্য নির্ধারিত হারে সুদ হিসাবায়ন করে প্রভিশন করতে হবে এবং পরবর্তী কার্যদিবসে যথারীতি রিভার্স করতে হবে।

৩.১৪। **ক্ষুদ্র সঞ্চয় প্রকল্প ও শিক্ষক সঞ্চয় প্রকল্পঃ**

শাখা সমূহকে প্রধান কার্যালয়ের শাখা নিয়ন্ত্রণ বিভাগের সার্কুলার নং-৫/৯৯ ও ৬/৯৯ তারিখঃ ২৭-১২-১৯৯৯ ইং মোতাবেক ক্ষুদ্র সঞ্চয় প্রকল্প ও শিক্ষক সঞ্চয় প্রকল্প হিসাবে ৮.৫০% সুদারোপ করতে হবে এবং ১৩৩/৩৭ খাতকে ডেবিট করে সুদ হিসাবভূক্ত করতে হবে। প্রদেয় সুদের উপর প্রযোজ্য হারে উৎসে আয়কর কর্তন করতে হবে। অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী জন্য নির্ধারিত হারে সুদ হিসাবায়ন করে প্রভিশন করতে হবে এবং পরবর্তী কার্যদিবসে যথারীতি রিভার্স করতে হবে।

৩.১৫। **রাকাব দৈনিক লাভ হিসাব (RDP)ঃ**

রাকাব, শাখা নিয়ন্ত্রণ বিভাগের ০৯-০৬-২০১১তারিখের শানিবি সার্কুলার নং-০৫/২০১১ এর নির্দেশনা মোতাবেক রাকাব দৈনিক লাভ হিসাব (**RDP**) এর সুদ হার, প্রদেয় সুদ এবং টাকা প্রদেয় হবে। অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী জন্য নির্ধারিত হারে সুদ হিসাবায়ন করে প্রভিশন করতে হবে এবং পরবর্তী কার্যদিবসে যথারীতি রিভার্স করতে হবে।

চলমান পাতা নং-০৪

৩.১৬। রাকাব গ্রামীণ পেনশন সঞ্চয় প্রকল্পঃ

রাকাবগ্রামীন পেনশন সঞ্চয় প্রকল্প এর হিসাবায়নে শাখা সমূহকে প্রধান কার্যালয়ের শাখা নিয়ন্ত্রণ বিভাগের ০৩ আগষ্ট ২০০৫ তারিখের ০২/২০০৫ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুসরণ করতে হবে। উক্ত হিসাবে ৬ % (চক্রবৃদ্ধি) হারে সুদ প্রদান করতে হবে। শাখা নিয়ন্ত্রণ বিভাগের ০৫-০৯-২০১১ তারিখের সার্কুলার লেটার নং-০২/২০১১ এর নির্দেশনা মোতাবেক উক্ত সার্কুলার লেটার জারীর পর হতে খোলা হিসাবগুলির সুদ হার ৯% (চক্রবৃদ্ধি) হবে।প্রদেয় সুদ ১৩৩/৩৭বি "রাকাবগ্রামীণ পেনশন সঞ্চয় প্রকল্প এর প্রদেয় সুদ" খাতে হিসাবভূক্ত করতে হবে। অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী জন্য নির্ধারিত হারে সুদ হিসাবায়ন করে প্রভিশন করতে হবে এবং পরবর্তী কার্যদিবসে যথারীতি রিভার্স করতে হবে।

৩.১৭। রাকাব শিক্ষা সঞ্চয় প্রকল্পঃ

রাকাব শিক্ষা সঞ্চয় প্রকল্প এর হিসাবায়নে শাখা নিয়ন্ত্রণ বিভাগের ৬ ফেব্রুয়ারী ২০০৬ তারিখের ০৩/২০০৬ নম্বর পরিপত্রের নির্দেশনা পরিপালন করতে হবে। উক্ত হিসাবে ৬ % সুদ হিসাব করতে হবে। শাখা নিয়ন্ত্রণ বিভাগের ০৫-০৯-২০১১ তারিখের সার্কুলার লেটার নং-০৩/২০১১ এর নির্দেশনা মোতাবেক উক্ত সার্কুলার লেটার জারীর পর হতে খোলা হিসাবগুলির সুদ হার ৯% (চক্রবৃদ্ধি) হবে। ১৩৩/৩৭সি "রাকাব শিক্ষা সঞ্চয় প্রকল্প এর প্রদেয় সুদ" হিসাব খাতকে ডেবিট করে সুদ হিসাবভূক্ত করতে হবে। এ হিসাব হতে নিয়মানুযায়ী উৎসে আয়কর ও আবগারী শুল্ক কর্তন করে ক্রেডিট এ্যাডভাইসের মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী জন্য নির্ধারিত হারে সুদ হিসাবায়ন করে প্রভিশন করতে হবে এবং পরবর্তী কার্যদিবসে যথারীতি রিভার্স করতে হবে।

৩.১৮। রাকাব সন্তান/সন্ততি বিবাহ সঞ্চয় প্রকল্পঃ

রাকাব সন্তান/সন্ততি বিবাহ সঞ্চয় প্রকল্প এর হিসাবায়নে শাখা নিয়ন্ত্রণ বিভাগের ১১ সেপ্টেম্বর, ২০০৬ তারিখের পরিপত্র নং-০৭/২০০৬ এর নির্দেশনা পরিপালন করতে হবে। উক্ত হিসাবে ৬.০০% (চক্রবৃদ্ধি) হারে বাৎসরিক ভিত্তিতে সুদ প্রদেয় হবে। শাখা নিয়ন্ত্রণ বিভাগের ০৫-০৯-২০১১ তারিখের সার্কুলার লেটার নং-০৪/২০১১ এর নির্দেশনা মোতাবেক উক্ত সার্কুলার লেটার জারীর পর হতে খোলা হিসাবগুলির সুদ হার ৯% (চক্রবৃদ্ধি) হবে। উক্ত হিসাবে প্রদেয় সুদ ১৩৩/৩৭ডি "রাকাব সন্তান/সন্ততি বিবাহ সঞ্চয় প্রকল্প" এর প্রদেয় সুদ খাতে হিসাবভূক্ত করতে হবে। অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী জন্য নির্ধারিত হারে সুদ হিসাবায়ন করে প্রভিশন করতে হবে এবং পরবর্তী কার্যদিবসে যথারীতি রিভার্স করতে হবে।

৩.১৯ রাকাব হজ্জ সঞ্চয়ী হিসাবঃ

রাকাব হজ্জ সঞ্চয়ী হিসাব এর হিসাবায়নে শাখা নিয়ন্ত্রণ বিভাগের ৩ জানুয়ারী ২০০৬ তারিখের ০২/২০০৬ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুসরণ করতে হবে। এই হিসাবটি সুদ বিহীন হিসাব হওয়ায় সুদ ও উৎসে আয়কর কর্তনের প্রয়োজন হবে না। তবে নিয়মানুযায়ী পঞ্জিকা বছর শেষে আবগারী শুল্ক কর্তন করতে হবে।

এক্ষেত্রে ১৩৩/৪৫ "রাকাব হজ্জ সঞ্চয়ী হিসাব এর প্রদেয় আবগারী শুল্ক" হিসাব খাতকে ডেবিট করে ২২১ খাত সংশ্লিষ্ট হজ্জ সঞ্চয়ী হিসাব ক্রেডিট করতে হবে। অতঃপর হজ্জ সঞ্চয়ী হিসাব হতে আবগারী শুল্ক কর্তন করে অর্থাৎ ২২১ খাত সংশ্লিষ্ট সকল হজ্জ সঞ্চয়ী হিসাব ডেবিট করে ১১১- রাকাব সাধারণ হিসাব খাতকে ক্রেডিট করে ক্রেডিট এ্যাডভাইসের মাধ্যমে কর্তনকৃত আবগারী শুল্কের সমপরিমাণ টাকা প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৩.২০। সঞ্চয়ী হিসাব-স্কুল ব্যাংকিং(School Banking)ঃ

রাকাব, শাখা নিয়ন্ত্রণ বিভাগের সার্কুলার লেটার নং-০১/২০১৩ তারিখঃ ১২-০৫-২০১৩ এর নির্দেশনা মোতাবেক সঞ্চয়ী হিসাব-স্কুল ব্যাংকিং(School Banking) এর হিসাব খোলা, সুদ হার, প্রদেয় সুদ হিসাবায়ন পদ্ধতি অনুসরণ করতে হবে।

৩.২১। রাকাব গৃহিণী সঞ্চয় স্কীমঃ

রাকাব, শাখা নিয়ন্ত্রণ বিভাগের সার্কুলার লেটার নং-১০/২০১৪ তারিখঃ ২৮-০৮-২০১৪ এর নির্দেশনা মোতাবেক রাকাব গৃহিণী সঞ্চয় প্রকল্প এর হিসাব খোলা, সুদ হার, প্রদেয় সুদ হিসাবায়ন পদ্ধতি অনুসরণ করতে হবে।

বিভিন্ন আমানত হিসাবে সুদ হার সংক্রান্ত শাখা নিয়ন্ত্রণ বিভাগের সর্বশেষ ২৫-০৬-২০১৪ তারিখের সার্কুলার লেটার নং-০৬/২০১৪, ৩০-১০-২০১৪ তারিখের শানিবি সার্কুলার নং-১১/২০১৪, ২৫-০২-২০১৫ তারিখের শানিবি সার্কুলার নং-০১/২০১৫ এবং ২৭-০৫-২০১৫ তারিখের সার্কুলার নং-০২/২০১৫ এবং শানিবি সার্কুলার নং -০৩/২০১৫ তারিখঃ ৩০-১১-২০১৫এর সারসংক্ষেপ নিম্নে সকলের সুবিধার জন্য উল্লেখ করা হলো।

চলতি ২০১৫-১৬ অর্থ বছরে আমানতের সুদ হার বিশেষত স্থায়ী আমানত (এফডিআর) এর সুদ হার একাধিকবার পরিবর্তন হওয়ায় আসন্ন অর্ধ-বার্ষিক হিসাব সমাপনীকালে শাখা কর্তৃক সঠিক হারে সুদ হিসাবায়নের সুবিধার্থে পুরো অর্থবছরের জন্য কার্যকর সুদ হার নিম্নে বর্ণিত হলো ঃ

চলমান পাতা নং-০৫

ক্রঃ নং	আমানতের ধরণ	কার্যকর তারিখ	সুদ হার
০১।	সঞ্চয়ী আমানত ঃ		
	ক) শহরাঞ্চল	০১.০৭.২০১৪ হতে অদ্যাবধি	৫.০০%
	খ) পল্লী	০১.০৭.২০১৪ হতে অদ্যাবধি	৬.০০%
	গ) প্রবাসীদের প্রেরিত অর্থ (শহরাঞ্চল)	০১.০৭.২০১৪ হতে অদ্যাবধি	৬.০০%
	ঘ) সঞ্চয়ী হিসাব স্কুল ব্যাংকিং	০১.০৭.১৪ হতে অদ্যাবধি	৭.০০%
	ঙ) ১০.০০ টাকায় খোলা কৃষকদের আমানত হিসাব	০১.০৭.২০১৪ হতে অদ্যাবধি	প্রযোজ্য হার অপেক্ষা ১% বেশী

০২।	স্পেশাল নোটিশ ডিপোজিট (SND) ঃ		
	ক) ১.০০ কোটি টাকার কম	০১.০৭.২০১৪ হতে অদ্যাবধি	৪.২৫%
	খ) ১.০০ কোটি ও তদুর্ধ কিন্তু ২৫.০০ কোটি টাকার কম	০১.০৭.২০১৪ হতে অদ্যাবধি	৪.২৫%
	গ) ২৫.০০ কোটি ও তদুর্ধ কিন্তু ৫০.০০ কোটি টাকার কম	০১.০৭.২০১৪ হতে অদ্যাবধি	৪.২৫%
	ঘ) ৫০.০০ কোটি ও তদুর্ধ কিন্তু ১০০.০০ কোটি টাকার কম	০১.০৭.২০১৪ হতে অদ্যাবধি	৪.২৫%
	ঙ) ১০০.০০ কোটি টাকা ও তদুর্ধ	০১.০৭.২০১৪ হতে অদ্যাবধি	৪.২৫%

০৩। মেয়াদী আমানতঃ

বর্ণনা	০১-১১-২০১৪ হতে ২৮-০২-২০১৫ পর্যন্ত	০১-০৩-২০১৫ হতে ৩১-০৫-২০১৫ পর্যন্ত	০১-০৬-২০১৫ হতে ৩০-০৯-২০১৫	০১-১০-২০১৫ হতে অদ্যবধি
১ মাস হতে ৩ মাসের কম	৭.৫০%	৭.০০%	৬.৫০%	৬.০০%
৩ মাস হতে ৬ মাসের কম	৯.০০%	৮.৫০%	৮.০০%	৭.৫০%
৬ মাস হতে ১ বছরের কম	৯.০০%	৮.৫০%	৮.০০%	৭.৫০%
১ বছর হতে ২ বছরের কম	৯.০০%	৮.৫০%	৮.০০%	৭.৫০%
২ বছর ও তদুর্ধ্ব (সর্বোচ্চ ৩ বছর)	৯.০০%	৮.৫০%	৮.০০%	৭.৫০%

০৪।	আমানত স্কীমসমূহের সুদ হার ঃ	কার্যকর তারিখ	সুদ হার	মন্তব্য
	ক) রাকাব ডাবল মানি স্কীম (RDMS)	০১.০৭.২০১৩ হতে অদ্যাবধি (১৭-০৭-২০১৪ হতে হিসাব খোলা বন্ধ)	১১.২৫% (৬½ বছরে দ্বিগুণ)	৩০.০৫.১১ হতে ০৩.০৩.১২ তারিখ পর্যন্ত খোলা হিসাবের ক্ষেত্রে
			১২.২৫% (৬ বছরে দ্বিগুণ)	০৪.০৩.১২ হতে ৩০.১২.১৩ তারিখ পর্যন্ত খোলা হিসাবের ক্ষেত্রে
			১১.২৫% (৬½ বছরে দ্বিগুণ)	০১.০১.১৪ হতে বর্তমান পর্যন্ত খোলা হিসাবের ক্ষেত্রে
	খ) রাকাব ট্রিপল মানি স্কীম (RTMS)	০১.০৭.২০১৩ হতে অদ্যাবধি (১৭-০৭-২০১৪ হতে হিসাব খোলা বন্ধ)	১০.৫১% (১১ বছরে তিনগুণ)	১৪.১২.১১ হতে ২০.০৫.১২ তারিখ পর্যন্ত খোলা হিসাবের ক্ষেত্রে
			১১.৬২% (১০ বছরে তিনগুণ)	২১.০৫.১২ হতে ৩০.১২.১৩ তারিখ পর্যন্ত খোলা হিসাবের ক্ষেত্রে
			১১.০২% (১০½ বছরে তিনগুণ)	০১.০১.১৪ হতে বর্তমান পর্যন্ত খোলা হিসাবের ক্ষেত্রে
	গ) রাকাব মাসিক মুনাফা স্কীম (RMPS)	০১.০৭.২০১৩	১২.০০%	৫ বছর মেয়াদী
	১৭-০৭-২০১৪ তারিখ হতে নতুন হিসাব খোলার ক্ষেত্রে	১৭-০৭-২০১৪	১০.০০%	
	ঘ) রাকাব মিলিয়নিয়ার ডিপোজিট স্কীম (RMDS)	০১.০৭.২০১৩	যথাক্রমে ১১.৫৭%, ১১.৫৯% ও ১১.৬২%	যথাক্রমে ৫, ৭ ও ১০ বছর মেয়াদের ক্ষেত্রে
	১৭-০৭-২০১৪ তারিখ হতে নতুন হিসাব খোলার ক্ষেত্রে	১৭-০৭-২০১৪	৯.৭৫%	
	ঙ) রাকাব মাসিক সঞ্চয় স্কীম (RMSS)	০১.০৭.২০১৩ তারিখ হতে অদ্যাবধি	যথাক্রমে ৮.৭৫%, ৯.২৫% ও ৯.৫০%	যথাক্রমে ৩, ৫ ও ৮ বছর মেয়াদের ক্ষেত্রে

চলমান পাতা নং-০৬

	চ) রাকাব সঞ্চয় স্কীম (RSS)	ঐ	৯.০০%	৭ বছর মেয়াদী
	ছ) কৃষক সঞ্চয় স্কীম (KSS)	ঐ	৯.০০%	৭ বছর মেয়াদী
	জ) শিক্ষক সঞ্চয় প্রকল্প	ঐ	৮.৫০%	৫ বছর মেয়াদী
	ঝ) ক্ষুদ্র সঞ্চয় প্রকল্প (মাইক্রো সেভিংস স্কীম)	ঐ	৮.৫০%	৫ বছর মেয়াদী
	ঞ) রাকাব দৈনিক লাভ হিসাব (RDP)	ঐ	৫.০০% হারে দৈনিক স্থিতির উপর সুদারোপ করা হবে	দৈনিক সর্বনিম্ন স্থিতি টাঃ ২০০০০/- থাকতে হবে।
	ঝ) রাকাব গ্রামীণ পেনশন সঞ্চয় প্রকল্প (RGPS)	ঐ	৯.০০%	৫ ও ১০ বছর মেয়াদী
	ঞ) রাকাব শিক্ষা সঞ্চয় প্রকল্প (RESS)	ঐ	৯.০০%	৫ ও ১০ বছর মেয়াদী
	ট) রাকাব সন্তান-সন্ততি বিবাহ সঞ্চয় প্রকল্প	ঐ	৯.০০%	৫,১০ ও ১৫ বছর মেয়াদী
	ঠ) রাকাব হজ্জ সঞ্চয়ী হিসাব	ঐ	সুদ বিহীন	১ হতে ১০ বছর মেয়াদী
	ণ) রাকাব গৃহিণী সঞ্চয় স্কীম (RGSS)	২৮-০৮-২০1৪	৯.০০% (চক্রবৃদ্ধি)	৫ বছর

৩.২২। **অন্যান্য আমানত /স্কীমের হিসাবঃ**

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের সঞ্চয় স্কীম যেমন- দরিদ্র মাতার জন্য মাতৃত্বকাল ভাতা হিসাব ও প্রান্তিক দরিদ্র তাঁত শিল্পীদের ১০ টাকার সঞ্চয়ী হিসাব আমানত হিসাব সমূহের উপর নির্ধারিত হারে সুদ হিসাবায়ন করে হিসাবভূক্ত করতে হবে। এছাড়াও শাখা সমূহের সুবিধার্থে আমানত হিসাবখাত সমূহের নাম প্রদেয় সুদ হিসাবখাত নিম্নে উল্লেখ করা হলোঃ

হিসাব খাত	হিসাবের নাম	প্রদেয় সুদ হিসাবখাত
২১৫	ডিপোজিট পেনশন স্কীম	১৩৩/৩৭(a)
২১৯	রাকাব পেনশন স্কীম	১৩৩/৩৭(a)
২২০	রাকাব গ্রামীন পেনশন স্কীম	১৩৩/৩৭(b)
২২১	রাকাব হজ্জ সঞ্চয়ী হিসাব	১৩৩/৪৫
২২২	রাকাব শিক্ষা সঞ্চয় প্রকল্প	১৩৩/৩৭(c)
২২৩	রাকাব সন্তান/সন্ততী বিবাহ সঞ্চয় প্রকল্প	১৩৩/৩৭(d)
২২৪	রাকাব সঞ্চয় স্কীম	১৩৩/৩৭(e)
২২৫	কৃষক সঞ্চয়ী হিসাব	১৩৩/৩৭
২২৬	অতি দরিদ্র জনগোষ্ঠীর জন্য সঞ্চয়ী হিসাব	১৩৩/৩৭
২২৭	কৃষক সঞ্চয়ী স্কীম (কে এস এস)	১৩৩/৩৭(f)
২২৮	রাকাব ডাবল মানি স্কীম (আর ডি এম এস)	১৩৩/৩৭(g)
২২৯	রাকাব দৈনিক লাভ হিসাব (আর ডি পি)	১৩৩/৩৭(h)
২৩০	বয়স্ক ভাতা হিসাব	১৩৩/৩৭(i)
২৩১	অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা হিসাব (আর ডি পি)	১৩৩/৩৭(i)
২৩২	বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের হিসাব	১৩৩/৩৭(i)
২৩৩	রাকাব ট্রিপল মানি স্কীম (আর টি এম এস)	১৩৩/৩৭(j)
২৩৪	রাকাব মাসিক মুনাফা স্কীম (আর এম পি এস)	১৩৩/৩৭(k)
২৩৫	রাকাব মাসিক সঞ্চয় স্কীম (আর এম এস এস)	১৩৩/৩৭(l)
২৩৬	রাকাব মিলিয়নিয়ার ডিপোজিট স্কীম (আর এম ডি এস)	১৩৩/৩৭(m)
২৩৭	সঞ্চয়ী হিসাব (অতি দরিদ্র মহিলা)	১৩৩/৩৭(n)
২৩৮	সঞ্চয়ী হিসাব- স্কুল ব্যাংকিং(School Banking)	১৩৩/৩৭(p)
২৩৯	রাকাব গৃহিণী সঞ্চয় স্কীম	১৩৩/৩৭(q)
২৪০	দরিদ্র মাতার জন্য মাতৃত্বকাল ভাতা হিসাবের সুদ	১৩৩/৩৭(r)
২৪১	প্রান্তিক দরিদ্র তাঁত শিল্পীদের ১০ টাকার সঞ্চয়ী হিসাব	১৩৩/৩৭(s)

৩.২৩। **শ্রেণী বিন্যাসিত ঋণের সুদ হিসাবায়ন/ ৫২ সুদ স্থগিত হিসাব- অনাদায়ী সুদ (৫২/Interest Suspense Account-Uncollected Interest)ঃ**

(ক) ঋণ আদায় বিভাগ-২ এর ১৪-১০-২০১২ তারিখের সার্কুলার নং-০২/২০১২, ০১-০১-২০১৩ ইং তারিখের সার্কুলার নং-০৩/২০১৩ এবং সার্কুলার নং-০৪/২০১৩ তারিখঃ ১৬-০৬-২০১৩ এর মাধ্যমে জারীকৃত যথাক্রমে বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং-১৪ তারিখ ২৩-০৯-২০১২, বিআরপিডি সার্কুলার নং-১৯ তারিখঃ ২৭-১২-২০১২ এবং বিআরপিডি সার্কুলার নং-০৫/২০১৩ তারিখঃ ২৯-০৫-২০১৩ এর নির্দেশনা মোতাবেক **যে সমস্ত চলমান ঋণ, তলবী ঋণ ও মেয়াদী ঋণের কিস্তি ২মাস ও তদুর্ধ্ব কিন্তু ৩ মাসের কম সময়কাল যাবৎ মেয়াদোত্তীর্ণ অবস্থায় অনাদায়ী থাকবে সে সকল ঋণের সম্পূর্ন স্থিতি "Special Mention Account" হিসাবে চিহ্নিতকরতঃ উক্ত ঋণের উপর আরোপিত সুদ আয়খাতে হিসাবভুক্ত করা যাবে।** তবে নিম্নমান ও সন্দেহজনক (SS & DF) শ্রেণীকৃত ঋণের উপর ধার্যকৃত সুদ আয় খাতের পরিবর্তে ৫২- সুদ স্থগিত হিসাব- অনাদায়ী সুদ(৫২/Interest Suspense Account- Uncollected Interest) খাতে সংরক্ষণ করতে হবে মর্মে যে নির্দেশনা দেয়া হয়েছে সে মোতাবেক ব্যবস্থা নিতে হবে। তাছাড়া মন্দ/কুশ্রেণীকৃত ঋণ হিসাবে কোন সুদ ধার্য হবে না।

(খ) শ্রেণীবিন্যাসিত ঋণ বা ঋণের অংশ আদায় হলে অর্থাৎ ঋণ হিসাবে প্রকৃত জমা সংঘটিত হলে, উক্ত জমা হতে প্রথমেই আরোপিত সুদ আদায় করতে হবে, অতঃপর আসল ঋণ সমন্বয় হবে।

৩.২৪। **রাকাব, সাধারণ হিসাব (১১১, ১১২, ১১৩, ১১৪ ও ১১৫)ঃ**

প্রধান কার্যালয় হতে ধার নেয়া তহবিলের উপর ৬.০০% হারে সুদ প্রদান করতে হবে। নিরূপিত সুদ শাখার "১৩৩/৪২ প্রধান কার্যালয় হতে ধার নেয়া তহবিলের সুদ" খাতকে ডেবিট করতে হবে এবং ৪১/১০ প্রদেয় হিসাব খাতকে ক্রেডিট করতে হবে যা পরবর্তী কার্যদিবসে রিভার্স করতে হবে। অপরদিকে প্রধান কার্যালয়কে ধার দেয়া তহবিলের উপর ৭.০০% হারে সুদ চার্জ করতে হবে এবং নিরূপিত সুদ শাখার "৪৬/১০ প্রধান কার্যালয়কে ধার দেয়া তহবিলের সুদ" খাতকে ক্রেডিট এবং ১৩১/১১ আদায়যোগ্য হিসাব খাতকে ডেবিট করতে হবে এবং যা পরবর্তী কার্যদিবসে রিভার্স করতে হবে। ১১৫- রাকাব-ডিবিবিএল মোবাইল জেনারেল হিসাব এর উপর চার্জকৃত ১১১ রাকাব সাধারণ হিসাবের মাধ্যমে প্রদেয়/আদায়যোগ্য হবে। **উপরোল্লিখিত খাত সমূহের বিপরীতে সুদ হিসাবায়ন সঠিকভাবে সম্পন্ন করতে হবে। কোন শাখা উল্লিখিত খাতে কম/বেশী সুদ প্রদান করলে এবং পরবর্তীতে যাচাইকালে শনাক্ত হলে সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক ও ২য় কর্মকর্তাকে ব্যক্তিগতভাবে দায়ী করে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।**

৩.২৫। **১০ বৎসর ও তদূর্ধ্ব অদাবীকৃত আমানত ও মূল্যবান সামগ্রীঃ**

ব্যাংকিং কোম্পানী আইন ১৯৯১ এর ৩৫ ধারা অনুযায়ী ১০ বছর ও তদূর্ধ্ব সময় যাবৎ লেনদেন বিহীন অদাবীকৃত আমানত ও মূল্যমান সামগ্রী কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এর ২৫-১১-২০০৯ তারিখের পত্র নং- প্রকা/কেহিবি-১/৫৫(১)/২০০৯-২০১০/২৬৬০(২০)/২৬, ১১-০১-২০১০ তারিখের পত্র নং-প্রকা/কেহিবি-১/৫৫/২০০৯-২০১০/৩১১৫(২০)/২৫ এবং ০৩-০৩-২০১৩ তারিখের পত্র নং- কেহিবি-১/পরিপত্র নং-০২/২০১৩ মোতাবেক কম্পিউটারাইজড প্রতিবেদন (বাংলা ও ইংরেজী) এবং একীভূত বিবরণীসহ (হার্ড ও সফ্ট কপি) ক্রেডিট এ্যাডভাইস প্রেরণ করার জন্য বলা হলো। শাখা ব্যবস্থাপকগণ এ বিষয়ে ব্যক্তিগতভাবে সতর্ক থাকবেন যাতে বাংলাদেশ ব্যাংক পরিদর্শন দল এতদবিষয়ে কোন আপত্তি উত্থাপন করতে না পারে।

৩.২৬। **উৎসে কর কর্তনঃ**

ক) আমানতঃ

৩০-০৬-২০১৫ তারিখে আমানত হিসাব সমূহে প্রদত্ত সুদ/মুনাফার উপর টিআইএন রয়েছে এমন ব্যক্তি/প্রতিষ্ঠানের ব্যাংক সুদ/মুনাফার উপর ১০% হারে এবং টিআইএন নেই এমন ব্যক্তি/প্রতিষ্ঠানের ব্যাংক সুদ/মুনাফার উপর ১৫% হারে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবে। তবে যে সকল ব্যক্তি/প্রতিষ্ঠানের টিআইএন নেই তাদের সঞ্চয়ী ব্যাংক হিসাবে অর্থ বছরের যে কোন সময়ে মোট স্থিতির পরিমাণ ১ (এক) লক্ষ টাকার বেশী না হলে উক্ত ব্যাংক হিসাবের সুদ/মুনাফার উপর ১০% হারে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবে।

খ) সঞ্চয়পত্রের সুদ/মুনাফা প্রদানের ক্ষেত্রে উৎসে আয়কর কর্তনঃ

১। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫২ডি ধারা অনুসারে সঞ্চয়পত্রের সুদ/মুনাফা প্রদানকালে ১০% হারে উৎসে আয়কর কর্তনের বিধান আছে। তবে এ ধারা প্রথম Proviso অনুসারে ১,৫০,০০০/- টাকা পর্যন্ত সুদ/মুনাফা প্রদানকালে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য ছিল না। এ উৎসে আয়কর কর্তনের অব্যাহতি সীমা সংক্রান্ত বিধান জাতীয় সংসদ কর্তৃক অনুমোদিত অর্থ বিল ২০১০ এ প্রত্যাহার করা হয়েছে। অর্থাৎ বর্তমান বিধান অনুযায়ী যে কোন অংকের সুদ/মুনাফা প্রদানের বেলায় ১০% হারে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবে। এ বিধান ০১-০৭-২০১০ বা তৎপরবর্তীতে সুদ/মুনাফা প্রদানের বেলায় কার্যকর হবে। উল্লেখ্য, ১ জুলাই, ২০১১ তারিখের পূর্বে ক্রয়কৃত পেনশনার সঞ্চয়পত্র, পরিবার সঞ্চয়পত্র ও ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড উৎসে আয়কর কর্তনের আওতা বহির্ভূত থাকবে।

চলমান পাতা নং-০৮

২। ১ জুলাই, ২০১১ তারিখ হতে নিম্নবর্ণিত সঞ্চয় স্কীমসমূহের মুনাফার উপর ৫% হারে উৎসে কর কর্তন করতে হবে। সঞ্চয়স্কীমসমূহ হচ্ছে ঃ

- পরিবার সঞ্চয়পত্র
- পেনশনার সঞ্চয়পত্র
- ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড
- ৫(পাঁচ) বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র
- ৩(তিন) মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র

উৎসে আয়কর কর্তনকৃত টাকার ক্রেডিট এ্যাডভাইস ০২-০১-২০১৬ তারিখে সরাসরি প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ জোনাল কার্যালয়ের মাধ্যমে জনাব রিজিয়া সুলতানা, উর্ধতন মুখ্য কর্মকর্তা এর নামে আলাদা খামে প্রেরণ করতে হবে। ঢাকা শাখা এবং স্থানীয় মুখ্য কার্যালয় এর উৎসে আয়করের এ্যাডভাইস সরাসরি প্রধান কার্যালয়, রাজশাহীতে প্রেরণ করবে।

৩.২৭। **ভ্যাট ও ট্যাক্স কর্তনঃ**

সকল শাখা/কার্যালয় কর্তৃক প্রদানকৃত সকল প্রকার সেবা/বিল হতে নিয়ম মোতাবেক যথারীতি প্রযোজ্য হারে ভ্যাট ও ট্যাক্স কর্তন করতে হবে। কর্তনকৃত ভ্যাট ও ট্যাক্স যথারীতি সরকারি কোষাগারে জমা করতে হবে। এছাড়া ব্যাংকের বিভিন্ন শাখা/কার্যালয়ে কম্পিউটারাইজেশনের আওতায় অবকাঠামো উন্নয়নসহ বিভিন্ন কাজে বিল প্রদান করা হয়ে থাকে, এসব বিল হতে নিয়মানুযায়ী ভ্যাট/ট্যাক্স কর্তন করতে হবে।

৩.২৮। **৪১- প্রদেয় হিসাবঃ**

প্রদেয় হিসাব খাতে অনিষ্পন্ন এন্ট্রিসমূহ নিষ্পন্নের জন্য শাখা ব্যবস্থাপক সকল প্রকার পদক্ষেপ গ্রহণ করবেন, যাতে ৩০ ডিসেম্বর ২০১৫ তারিখে শাখায় কোন অনিষ্পন্ন এন্ট্রি অবশিষ্ট না থাকে। যুক্তিসংগত কারণ ছাড়া পুরাতন কোন এন্ট্রির জের নতুন বৎসরে টেনে নেয়া যাবে না। কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এর ০৭-৫-২০১৩ইং তারিখের পত্র নং-প্রকা/কেহিবি-১/৬৪(১৩)/২০১২-২০১৩/৭৯৮৪(৩৯৭) এর নির্দেশনা মোতাবেক অসমন্বয়ের কারণসহ অনিষ্পন্ন এন্ট্রিসমূহের পূর্ণ বিবরণ উল্লেখপূর্বক প্রদেয় হিসাবের তালিকা প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ প্রেরণ করতে হবে।

৩.২৯। **১৩১-আদায়যোগ্য হিসাবঃ**

(ক) এ খাতে অনিষ্পন্ন এন্ট্রি সমুহ যথাসম্ভব সমন্বয় করতে হবে এবং যথাযথ যৌক্তিকতা ব্যতীত ২ মাসের অধিক অসমন্বিত কোন এন্ট্রি পরবর্তী বছরে জের টানা যাবে না। শাখায় ডাক খরচ নির্বাহের জন্য প্রদত্ত অগ্রিমের টাকা ৩০ ডিসেম্বর তারিখে সমন্বয় করে পরবর্তী অর্থ বছরের ১ম কার্যদিবসে ১৩১/১১ -আদায়যোগ্য হিসাব খাত ডেবিট করে নতুন অগ্রিম প্রদান করা যাবে।

(খ) ৩০ ডিসেম্বর, ২০১৫ তারিখে এই হিসাবে অসমন্বিত এন্ট্রি সমুহ এসিএফ/৮০ ফরমে বিস্তারিতভাবে দেখাতে হবে। এই হিসাবের প্রতিটি উপ-হিসাবকে পৃথক শিরোনামে দেখাতে হবে এবং উহার নীচে অসমন্বিত এন্ট্রিসমুহের বিস্তারিত বর্ণনা দিতে হবে। সর্বশেষ পৃষ্ঠায় প্রত্যেক উপ-হিসাবের অসমন্বিত স্থিতির একত্রীভুত সমন্বয় বিবরণী তৈরী করতে হবে।

এই সকল উপ-হিসাব খাতের যোগফল ৩০ ডিসেম্বর,২০১৫ এর বৈষয়িক বিবরনীর ১৩১-প্রাপ্য হিসাবের স্থিতির সাথে মিলবে। কেন্দ্রীয় হিসাব বিভাগ- ১ এর ০৭-০৫-২০১৩ ইং তারিখের পত্র নং-প্রকা/কেহিবি-১/৬৪(১৩)/২০১২-২০১৩/৭৯৮৪(৩৯৭) এর নির্দেশনা মোতাবেক অসমন্বয়ের কারণসহ অনিষ্পন্ন এন্ট্রিসমূহের পূর্ণ বিবরণ উল্লেখপূর্বক আদায়যোগ্য হিসাবের তালিকা প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ -এ প্রেরণ করতে হবে।

৩.৩০। **সুদ মওকুফের অর্থ প্রধান কার্যালয়ে প্রেরণঃ**

বার্ষিক/অর্ধ-বার্ষিক হিসাব সমাপনীর বৈষয়িক বিবরণীসমূহ পর্যালোচনা করলে প্রতীয়মান হয় যে, শাখাসমূহে বিভিন্ন সুদ মওকুফের হিসাব অপরিবর্তিত থাকা বঞ্চনীয়। লক্ষ্য করা যায় যে, সুদ মওকুফের হিসাব বিভিন্ন সময়ে বিভিন্ন ভাবে উপস্থাপন করা হয়। এই জটিলতা থেকে নিরসণের জন্য নিম্ন বর্ণিত খাতসমূহের সুদ মওকুফের অর্থ ডেবিট এ্যাডভাইসের মাধ্যমে ৩০-১২-২০১৫ তারিখের মধ্যে কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ প্রেরণ করার জন্য বলা হলো। **পরবর্তীতে উক্ত সুদ মওকুফের খাতসমূহে কোন অংক প্রদর্শিত হলে নিয়ন্ত্রণকারী কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে জবাবদিহিতার আওতায় আনা হবে। যে সমস্ত সুদ মওকুফের অর্থ প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে তা সংশ্লিষ্ট সকলের হিসাবায়ন সুবিধার জন্য নিম্নে দেয়া হলো।** প্রসঙ্গতঃ উল্লেখ্য যে, ২০১৫-২০১৬ অর্থ বছরের আর্থিক প্রতিবেদন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থমন্ত্রণালয়ে অনুষ্ঠিত চূড়ান্তকরণ আলোচনা সভার সিদ্ধান্ত মোতাবেক বর্ণিত খাত সমূহে অসমন্বিত স্থিতির জন্য প্রভিশন সংরক্ষণ করে সরাসরি লাভ-ক্ষতি হিসাবে হিসাবায়ন করা হয়েছে।

চলমান পাতা নং-০৯

ক্রমিক নং	বর্ণনা	খাতের কোডের নাম	টাকার পরিমাণ (প্রকৃত টাকার অংকে)
১।	ইউএনসিডিএফ ঋণের সুদ মওকুফ	১৩১/১১(এইচ)	
২।	তাঁত ঋণের সুদ মওকুফ	১৩১/১১(জি)	
৩।	কৃষি ঋণের সুদ মওকুফ (৫০০০ টাকা পর্যন্ত)	১৩১/১১(কে)	
৪।	তাঁত ঋণের দণ্ড সুদ	১৩১/১১(এম)	
৫।	সুদ রিবেট(ব্যাংকের অংশ)	১৩১/১১(এন)	
৬।	দ্বিগুণের আওতায় সুদ মওকুফ	১৩১/১১(পি)	
৭।	স্বনির্ভর ঋণের সুদ মওকুফ	১৩১/১১(ও)	
৮।	শস্য ঋণের সুদ মওকুফ	১৩১/১১(এফ)	
	সর্বমোটঃ		

উপরে বর্ণিত খাতসমূহে ৩০-১২-২০১৫ এবং তৎপরবর্তীতে কোন সময়েই বৈষয়িক বিবরণীতে অংক প্রদর্শিত হবে না। কেননা এই খাত সমূহে কোন লেনদেন সংঘটিত হবার সুযোগ নেই।

৩.৩১। **২১১-ক্যাশিয়ার/ সহকারী ক্যাশিয়ারদের নিরাপত্তা জামানতঃ**

ক্যাশিয়ার/ সহকারী ক্যাশিয়ারদের নিরাপত্তা জামানত এর উপর হিসাব ম্যানুয়েলের ১৩.১০ অনুচ্ছেদে বর্ণিত নির্দেশ মোতাবেক ১২% হারে সুদ হিসাব করে ১৩৩/৩৭ হিসাব খাতকে ডেবিট করে সুদ হিসাবভুক্ত করতে হবে। উল্লেখ্য, প্রদত্ত সুদের উপর প্রযোজ্য হারে যথারীতি উৎসে আয়কর কর্তন করতে হবে।

সূত্র নংঃ রাকাব,শানিবি পত্র নং-প্রকা/শানিবি-৪৪/০৩-০৪/৮৯৭(৩৬৭), তারিখঃ ২৮ জানুয়ারী ২০০৪।
সূত্র নংঃ প্রকা/কেহিবি-১/সার্কুলার লেটার নং-০৭/২০১০ তারিখঃ ০৩-১১-২০১০

৩.৩২। **আবগারী শুল্ক কর্তনঃ**

ব্যাংকের সাথে পরিচালিত যে কোন একাউন্টে পঞ্জিকা বছরের যে কোন সময়ে জমাকৃত অর্থের স্থিতির পরিমাণ আবগারী শুল্ক আরোপযোগ্য সীমায় পৌঁছলে নির্ধারিত হারে আবগারী শুল্ক কর্তন করতে হবে। ব্যাংক সেবার উপর বিদ্যমান শুল্ক হার নিম্নে উল্লেখ করা হলোঃ

০১।	বিশ হাজার টাকা পর্যন্ত	শূন্য
০২।	বিশ হাজার এক টাকা হতে এক লক্ষ টাকা পর্যন্ত	১৫০/-
০৩।	এক লক্ষ এক টাকা হতে দশ লক্ষ টাকা পর্যন্ত	৫০০/-
০৪।	দশ লক্ষ এক টাকা হতে এক কোটি টাকা পর্যন্ত	১,৫০০/-
০৫।	এক কোটি এক টাকা হতে পাঁচ কোটি টাকা পর্যন্ত	৭,৫০০/-
০৬।	পাঁচ কোটি টাকার উর্ধ্বে	১৫,০০০/-

সূত্রঃ কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এর ৩১-০৮-২০১৫ তারিখের স্মারক নং-প্রকা/কেহিবি-১/৩০(বিবিধ)/২০১৫-২০১৬/১৭৫২(২০)।

বিঃদ্রঃ কৃষকের বিশেষ ভর্তুকী আমানত হিসাবসমূহে ১.০০ (এক) লক্ষ টাকা পর্যন্ত স্থিতির ক্ষেত্রে আবগারী শুল্ক কর্তন অব্যাহতি প্রদান করা হয়েছে।

শাখাসমূহ আদায়কৃত আবগারী শুল্ক নির্দিষ্ট ছকে ২ (দুই) প্রস্থ বিবরণীসহ এ্যাডভাইস স্ব স্ব জোনাল কার্যালয়ে প্রেরণ করবে। জোনাল কার্যালয় শাখা থেকে প্রাপ্ত সকল এ্যাডভাইস যাচাই করে ১ (এক) কপি বিবরণী ও জোনের এক কপি সংকলিত বিবরণীসহ ক্রেডিট এ্যাডভাইস এক মোড়কে অত্র বিভাগের উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, জনাব রিজিয়া সুলতানা এর বরাবরে অবশ্যই ১৫ জানুয়ারীর মধ্যে প্রেরণ করতে হবে। **শাখা হতে কোন ক্রমেই এ্যাডভাইস সরাসরি প্রধান কার্যালয়ে প্রেরণ করা যাবে না। নির্ধারিত সময়ে প্রতিবেদন প্রেরণে ব্যর্থ হলে এবং এজন্য ট্যাক্স কর্তৃপক্ষ কর্তৃক কোন দণ্ড আরোপ করা হলে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।**

সূত্র নংঃ প্রকা/কেহিবি-১/সার্কুলার লেটার নং-০৯/২০০৯ তারিখঃ ০৪-১০-২০০৯

৩.৩৩। **ভবিষ্য তহবিল, বদান্য তহবিল ও সুপারএ্যানুয়েশন তহবিলঃ**

ভবিষ্য তহবিল, বদান্য তহবিল ও সুপারএ্যানুয়েশন তহবিল সংক্রান্ত এ্যাডভাইসসমূহ আলাদা আলাদাভাবে সংকলিত করে কেন্দ্রীয় হিসাব বিভাগ-২ এ প্রেরণ করতে হবে। উক্ত এ্যাডভাইসসমূহ কোনক্রমেই কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ প্রেরণ করা যাবে না।

৩.৩৪। **ঋণের উপর সুদ আরোপঃ**

আসন্ন অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী উপলক্ষ্যে ঋণ ও অগ্রিমের উপর নিম্নবর্ণিত সার্কুলারের নির্দেশনা মোতাবেক সুদ আরোপ করতে হবেঃ

সার্কুলার নং	তারিখ	সুদ হার কার্যকরী সময়কাল
ঋণ ও অগ্রিম বিভাগ-১ সার্কুলার নং-০১/২০১৫	১৮-০২-২০১৫	০১-০১-২০১৫ হতে অদ্যাবধি

উল্লেখ থাকে যে, ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত কৃষি ঋণের উপর সরল হারে সুদ প্রযোজ্য হবে। তবে নির্ধারিত সময়সীমার পরবর্তী ছয় মাসের মধ্যেও যদি কোন গ্রহিতা ঋণ পরিশোধ না করেন সেক্ষেত্রে উক্ত ঋণের উপর ঋণ গ্রহণের তারিখ হতে চক্রবৃদ্ধি হারে সুদারোপ করতে হবে।

অর্ধ-বার্ষিক হিসাব সমাপনীর জন্য ঋণ হিসাবে সুদ ধার্য করে অর্ধ-বার্ষিক হিসাব সমাপনীর কাজ সম্পন্ন করতে হবে এবং পরবর্তী কার্যদিবসে যথারীতি সুদ রিভার্স করতে হবে।

৩.৩৫। **অভ্যন্তরীণ ব্যাংক গ্যারান্টি/বিড বন্ড/পারফরমেন্স গ্যারান্টি-ইত্যাদি ইস্যু ঃ**

রাকাব, ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সার্কুলার লেটার নং-০৫/২০১২ তারিখঃ ২৪-০৫-২০১২ইং মোতাবেক অভ্যন্তরীণ ব্যাংক গ্যারান্টি/বিড বন্ড/পারফরমেন্স গ্যারান্টি-ইত্যাদি ইস্যু নিশ্চিত করতে হবে।

৩.৩৬। **কর্মচারীদেরকে প্রদত্ত ঋণ ও অগ্রিমের সুদঃ**

হিসাব ম্যানুয়েলের ১৪.০৯ অনুচ্ছেদে বর্ণিত নির্দেশাবলী অনুসরণপূর্বক মঞ্জুরী পত্রের শর্তানুযায়ী নির্ধারিত হারে কর্মচারীদেরকে প্রদত্ত ঋণ ও অগ্রিমের উপর সুদ আরোপ করে যথাযথ খাতে হিসাবভূক্ত করতে হবে এবং তা যথারীতি পরবর্তী কার্যদিবসে রিভার্স করতে হবে।

৩.৩৭। **ঋণ অবলোপন (Write off)ঃ**

ঋণ অবলোপন এর হিসাবায়ন ও তথ্য সংরক্ষণ সংক্রান্ত কার্যাদির ক্ষেত্রে ঋণ আদায় বিভাগ-২ এর সার্কুলার নং- ০৩/২০০৩ তারিখঃ ০৬-০৪-২০০৩ ও সার্কুলার লেটার নং-০৪/২০০৩ তারিখঃ ১৬-০৭-২০০৩ এবং কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এর সার্কুলার লেটার নং- ০৫/২০০৩ তারিখঃ ০১-০৯-২০০৩ এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে বলা হলো। এছাড়াও কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এর প্রকা/কেহিবি-১/পরিপত্র নং-১২/২০০৯ তারিখঃ ১৪/১২/২০০৯ এবং প্রকা/কেহিবি-১/সার্কুলার লেটার নং-১/২০১০ তারিখঃ ১০/০৫/২০১০ অনুসরণ করতে হবে। শাখাসমূহ থেকে প্রাপ্ত স্টেটমেন্ট অব এ্যাফেয়ার্স যাচাইকালে প্রায়শই দেখা যায়, অবলোপনকৃত ঋণের কন্ট্রা হিসাব মিল থাকে না। অবলোপনকৃত ঋণ হিসাবের কন্ট্রা হিসাব ৬১১ ও ১২১১ খাত যথাযথ মিল রাখার জন্য পরামর্শ দেয়া হলো।

৩.৩৮। স্টেটমেন্ট অব এ্যাফেয়ার্স প্রেরণের সময় ৭২ হিসাব খাতে প্রদর্শিত ক্যাশ আইটেমে প্রাইজবন্ডের টাকার পরিমাণ স্টেটমেন্ট অব এ্যাফেয়ার্স এর ঐ পৃষ্ঠার নীচে পৃথক ফুটনোটের মাধ্যমে উল্লেখ করতে হবে। বৈষয়িক বিবরণীতে ব্যবস্থাপক ও দ্বিতীয় কর্মকর্তার স্বাক্ষরের নিচে মোবাইল নম্বর দিতে হবে।

৩.৩৯। **ব্যয় হিসাবঃ**

ক) অর্ধ-বার্ষিক হিসাব সঠিক ও নির্ভুলভাবে সম্পাদন করার জন্য জুলাই হতে ডিসেম্বর পর্যন্ত সকল ব্যয় সঠিক উপখাতে অন্তর্ভুক্ত করতে হবে এবং সাধারণ খতিয়ানে ১৩৩ ব্যয় হিসাব খাতের স্থিতির সাথে সংশ্লিষ্ট ব্যয়ের উপখাতসমূহের সমষ্টি অবশ্যই মিলতে হবে। ডিসেম্বর পর্যন্ত খরচ হয়েছে কিন্তু পরিশোধিত হয়নি এমন ব্যয়ও হিসাবে আনতে হবে। অর্থাৎ যে সমস্ত ব্যয় ৩১-১২-২০১৫ তারিখের মধ্যে যথাযথভাবে হিসাবভুক্ত করা সম্ভব হবে না (যেমন ১৩৩/৩০, ১৩৩/২১, ১৩৩/৭, ১৩৩/১০ ইত্যাদি) কেবল ঐ সকল খাতের সম্ভাব্য ব্যয় নিরূপণ পূর্বক প্রভিশনাল ব্যয় হিসাবভুক্ত করতে হবে, যা পরবর্তী কার্যদিবসে যথারীতি রিভার্স করতে হবে।

খ) বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, জোনাল কার্যালয় এবং জোনাল নিরীক্ষা কার্যালয়ের ০১-০৭-২০১৫ ইং হতে ৩১-১২-২০১৫ ইং তারিখ পর্যন্ত খরচসমূহ সংশ্লিষ্ট জেলা সদর/সংশ্লিষ্ট শাখা ১১১-রাকাব সাধারণ হিসাবকে ডেবিট এবং খরচের খাতকে ক্রেডিট করে খাত ভিত্তিক তালিকাসহ ডেবিট এ্যাডভাইস জোনাল কার্যালয়ের মাধ্যমে ০৫-০১-২০১৬ ইং তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ প্রেরণ করতে হবে।

চলমান পাতা নং-১১

৩.৪০। **মনিহারী দ্রব্যাদি সরবরাহ হিসাবঃ**
৩১ ডিসেম্বর পর্যন্ত শাখা কর্তৃক ব্যবহৃত মনিহারী ও সরবরাহকৃত দ্রব্যাদি যেমন- হিসাবের বহি, রেজিস্টার ও অন্যান্য মুদ্রিত ফরম ইত্যাদির খরচ ১৩৩/২১-এ ডেবিট এবং বিপরীতক্রমে মনিহারী ও সরবরাহ হিসাব খাত ১৩২ ক্রেডিট করতে হবে। অর্ধ-বার্ষিক হিসাব সমাপনীর অন্যান্য বিবরণীর সাথে এসিএফ-৮৫ এর মাধ্যমে ৩১ ডিসেম্বর মজুদ মনিহারী দ্রব্যাদির বিবরণও দাখিল করতে হবে।

৩.৪১। **জড় দ্রব্যাদিঃ**
সম্পূরক খতিয়ানের স্থিতি অনুসারে সম্পদসমূহের অবচয় নির্দিষ্ট হারে হিসাব করে উহা ১৩৩/৩০ উপখাতে ডেবিট এবং প্রদেয় হিসাব/বিবিধ উপখাতে ক্রেডিট করতে হবে। বিভাগীয় কার্যালয়, জোনাল কাযালয়, বিভাগীয় নিরীক্ষা/জোনাল নিরীক্ষা কার্যালয় এবং রাকাব ট্রেনিং ইনস্টিটিউটের সম্পদাদির অবচয় সংশ্লিষ্ট শাখাসমূহের ব্যয় অনুরূপভাবে হিসাবভুক্ত করে একই নিয়মে রিভার্স করতে হবে। সূত্রঃ হিসাব ম্যানুয়েল অনুচ্ছেদ ১৪ঃ১৫।

৩.৪২। **লাভ-ক্ষতির হিসাবঃ**
হিসাব ম্যানুয়েলের ১৪ঃ১৬ নং অনুচ্ছেদের নির্দেশ মোতাবেক ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত লাভ-ক্ষতি হিসাবের স্থিতি যথাক্রমে ক্রেডিট ও ডেবিট এ্যাডভাইসের মাধ্যমে প্রধান কার্যালয়ে পাঠানোর প্রয়োজন নেই। ১৩-লাভ-ক্ষতি হিসাব, হিসাব বইয়ে ডেবিট বা ক্রেডিট এর দিকে প্রদর্শিত হবে। উল্লেখ্য, আয়-ব্যয় বিবরণীর প্রতিবেদন সংযুক্তি-'খ' তে বর্ণিত তথ্যাদির সাথে সংযুক্তি 'ক' এর ৪৫ ও ৪৬নং ক্রমিকে উল্লেখিত তথ্যের অবশ্যই মিল থাকতে হবে।

৩.৪৩। **খরচের প্রভিশনঃ**
ভবিষ্যতের খরচের (প্রভিশন) নিমিত্তে লেনদেনগুলি ৩১ ডিসেম্বর তারিখে সংশ্লিষ্ট খরচ খাতে ডেবিট ও প্রদেয় হিসাবে ক্রেডিট করে ১ জানুয়ারী, ২০১৬ তারিখে রিভার্স করতে হবে।

০৪। **অর্থ ঋণ আদালত ও সার্টিফিকেট কেসঃ**
ব্যাংক কর্তৃক দায়েরকৃত সার্টিফিকেট কেসসমূহে দাবীকৃত টাকার উপর সরল হারে সুদারোপ করতে হবে। তবে অর্থ ঋণ আদালত মামলাসমূহের ক্ষেত্রে অর্থ ঋণ আদালত আইন-২০০৩ এর বিধান মোতাবেক সুদারোপ করতে হবে।

৪.০১। অর্ধ-বার্ষিক হিসাব সমাপনীর জন্য শাখাসমূহ যে সকল প্রতিবেদন ও বিবরণী তৈরী করে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে তার একটি তালিকা নিম্নে প্রদত্ত হলোঃ

(ক)	বৈষয়িক বিবরণী (সমাপনী পূর্ব ও সমাপনী উত্তর)	এসিএফ- ৩৭
(খ)	মাসিক আয়, ব্যয় ও আদায়যোগ্য হিসাবের বিবরণী	
(গ)	বিভিন্ন ব্যাংক হিসাবের বিবরণী, স্থিতির সার্টিফিকেট এবং সমন্বয় প্রতিবেদন	এসিএফ- ৮২ ও ৯৪
(ঘ)	প্রদেয় হিসাবের বিবরণী	এসিএফ- ৮০ (এ)
(ঙ)	আদায়যোগ্য হিসাবের বিবরণী	এসিএফ- ৮০ (এ)
(চ)	স্টেশনারী দ্রব্যের প্রতিবেদন	এসিএফ- ৮৫
(ছ)	আদায়কৃত সুদের প্রতিবেদন	
(জ)	বাতিলকৃত ১০০ (এক শত) টাকার নোটের প্রতিবেদন	

৪.০২। শাখাসমূহ সংযুক্তি 'ক' অনুযায়ী অর্ধ-বার্ষিক হিসাব সমাপনীতে অবস্থার প্রতিবেদন ২ (দুই) কপি ৩০ ডিসেম্বর, ২০১৫ তারিখে স্ব স্ব জোনাল কার্যালয়ে বিশেষ বাহক মারফত প্রেরণ করবে। জোনাল ব্যবস্থাপকগণ সংকলিত অবস্থার বিবরণী ০২-০১-২০১৬ ইং তারিখে কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ ই-মেইলযোগে (**dgmcad1@rakub.org.bd**) প্রেরণ নিশ্চিত করবেন। অতঃপর জোনের অবস্থার প্রতিবেদনের ১ (এক) কপি, শাখার এক কপি এবং সংকলিত অবস্থার প্রতিবেদনের ওয়ার্ক শীট (সকল শাখার সংকলিত) এক মোড়কে ৩ জানুয়ারী, ২০১৬ তারিখের মধ্যে অবশ্যই অত্র বিভাগে পৌছাতে হবে।

৪.০৩। ৪.০১নং অনুচ্ছেদে বর্ণিত অর্ধ-বার্ষিক হিসাব সমাপনীর সকল বিবরণী শাখাসমূহ নির্ভুলভাবে তৈরী করে তাদের স্ব স্ব জোনাল কার্যালয়ে ২ জানুয়ারী, ২০১৬ তারিখের মধ্যে প্রেরণ করবে। জোনাল ব্যবস্থাপকগণ শাখা হতে প্রাপ্ত বিবরণীসমূহ পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা করে দেখবেন এবং নির্ভুল বিবরণীসমূহ শাখার তালিকাসহ এক মোড়কে বাহক মারফত ৭ জানুয়ারী, ২০১৬ তারিখের মধ্যে অত্র বিভাগে পৌছাবেন।
উল্লেখ্য, শাখা হতে প্রাপ্ত বৈষয়িক বিবরণীর উপর ভিত্তি করে ব্যাংকের স্থিতিপত্র এবং লাভ-ক্ষতির হিসাব প্রস্তুত করা হয়। লক্ষণীয়, শাখা কর্তৃক প্রেরিত বৈষয়িক বিবরণী প্রায়শঃ নির্ভুল হয় না। এমনকি উক্ত বিবরণী দায়সারাভাবে প্রস্তুত করা হয়ে থাকে। যার ফলে সংকলন তথা স্থিতিপত্র ও লাভ-ক্ষতি হিসাব প্রস্তুতের সময় জটিলতার সৃষ্টি হয়। শাখা হতে প্রাপ্ত বৈষয়িক বিবরণীর সঠিকতা যাচাই এর লক্ষ্যে জোনাল কার্যালয়ের দু'জন দক্ষ কর্মকর্তাকে নিয়োজিত করার জন্য অনুরোধ করা হলো। ভুল তথ্য/ বিবরণী প্রেরণ করা হলে জোনাল ব্যবস্থাপকসহ সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক ও ২য় কর্মকর্তা যৌথভাবে দায়ী থাকবেন। কোন ক্রমেই শাখা হতে অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী বিবরণী প্রধান কার্যালয়ে সরাসরি পাঠানো যাবে না।

চলমান পাতা নং-১২

৪.০৪। স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী এবং ঢাকা শাখা, ঢাকা ৩১-১২-২০১৫ ইং তারিখের অবস্থার প্রতিবেদন (সংযুক্তি-'ক') ২ জানুয়ারী, ২০১৬ তারিখে, আয়, ব্যয় ও আদায়যোগ্য হিসাবের বিবরণী ৭ জানুয়ারী, ২০১৫ তারিখে এবং অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী সংক্রান্ত অন্যান্য বিবরণীসমূহ ৭ জানুয়ারী, ২০১৬ তারিখের মধ্যে অত্র বিভাগে সরাসরি প্রেরণ করবে। এছাড়াও বৈদেশিক মুদ্রা সংক্রান্ত প্রতিবেদন নির্ধারিত ছকে উক্ত তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

৪.০৫। শাখাসমূহ অর্ধ-বার্ষিক হিসাব সমাপনীর দিন যথারীতি একটি সাপ্তাহিক বিবরণী প্রস্তুত পূর্বক ঐ দিনেই স্ব স্ব জোনাল কার্যালয়ে পৌঁছাবে। জোনাল ব্যবস্থাপকগণ উক্ত সাপ্তাহিক বিবরণীগুলি সংকলনপূর্বক একীভূত সাপ্তাহিক বিবরণীর তথ্য ০২-০১-২০১৬ ইং তারিখে ই-মেইলযোগে (**dgmcad1@rakub.org.bd**) অত্র বিভাগে প্রেরণ করবে। রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী ও ঢাকা শাখা, ঢাকাকে তাদের ৩০-১২-২০১৫ তারিখের সাপ্তাহিক বিবরণী ০২-০১-২০১৬ তারিখে যথাক্রমে সরাসরি ও ই-মেইলযোগে অত্র বিভাগে প্রেরণ করতে হবে।

৪.০৬। এসিএফ-১১২(আর) মোতাবেক শাখার সকল প্রকার আমানতের বিবরণী (৩১-১২-২০১৫ তারিখ ভিত্তিক) শাখা নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণ করতে হবে।

৪.০৭। এসিএফ-৮৩ মোতাবেক শাখার সকল প্রকার ঋণের বিবরণী (৩১-১২-২০১৫ তারিখ ভিত্তিক) ঋণ ও অগ্রিম বিভাগ-১ এ প্রেরণ করতে হবে।

অর্ধ-বার্ষিক হিসাব সমাপনী প্রতিবেদন ও বিবরণী প্রেরণের নির্দেশনাঃ

ক্রমিক নং	বিবরণীর নাম	শাখা কর্তৃক জোনাল কার্যালয়ে প্রেরণের শেষ তারিখ	জোনাল কার্যালয় হতে প্রধান কার্যালয়ে প্রেরণের শেষ তারিখ	প্রধান কার্যালয়ে যাহার নিকট পৌঁছাতে হবে	মন্তব্য
০১।	অবস্থার প্রতিবেদন সংযুক্তি-ক মোতাবেক	০১-০১-১৬	০২-০১-১৬	মোঃ মসিউর ইসলাম, সমব্য	dgmcad1@rakub.org.bd
০২।	সাপ্তাহিক বিবরণী ৩০-১২-২০১৫ইং তারিখের	০১-০১-১৬	০২-০১-১৬	মোঃ মসিউর ইসলাম্, সমব্য	dgmcad1@rakub.org.bd
০৩।	বার্ষিক হিসাব সমাপনী (অনুচ্ছেদ ৪.০১)	০২-০১-১৬	০৭-০১-১৬	মোঃ মসিউর ইসলাম, সমব্য	
০৫।	উৎসে আয়কর, মূসক, হালকা ভোজন, জোনাল কার্যালয়ের খরচ ইত্যাদি অ্যাডভাইসসমূহ	০২-০১-১৬	০৫-০১-১৬	মোঃ মজনুর রহমান, উমুক	
০৬।	ভবিষ্য তহবিল, সুপারয়্যানুয়েশন, পেনশন ও কর্মচারী কল্যান তহবিল এর অ্যাডভাইসসমূহ	০২-০১-১৬	০৫-০১-১৬	-	সরাসরি কেন্দ্রীয় হিসাব বিভাগ-২ এ প্রেরণ করতে হবে।
০৭।	সকল প্রকার ঋণের বিবরণী (৩০-১২-২০১৫ তারিখ ভিত্তিক) এসিএফ-৮৩ মোতাবেক	০২-০১-১৬	০৫-০১-১৬	-	সরাসরি ঋণ ও অগ্রিম বিভাগ-১ এ প্রেরণ করতে হবে।

০৮।	সকল প্রকার আমানতের বিবরণী (৩০-১২-২০১৫ ভিত্তিক) এসিএফ-১১২ মোতাবেক	০২-০১-১৫	০৫-০১-১৬	-	সরাসরি শাখা নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণ করতে হবে।

উপরোক্ত সূচি মোতাবেক নির্ধারিত তারিখের পরে কোনভাবেই প্রতিবেদন প্রেরণ করা যাবে না। এজন্য যদি ব্যাংকের কোন ভাবমূর্তি ক্ষুন্ন হয় সে জন্য সংশ্লিষ্ট সকলকে জবাবদিহিতার সম্মুখিন করা হবে।

এতদ্‌সংক্রান্ত বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে অত্র বিভাগের সঙ্গে সরাসরি যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হলো।

১০-১২-২০১৫ ইং
(মোঃ ইউনুছ আলী)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ০৭২১-৮৬২৪৬৪।

স্মারক নং- প্রকা/কেহিবি-১/২৬/২০১৫-২০১৬/ ৫০৫৪ (৪৮০) তারিখঃ ১০ ডিসেম্বর ২০১৫ / ২৬ অগ্রহায়ণ ১৪২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, নিরীক্ষা, হিসাব ও আদায় মহাবিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, পরিচালন মহাবিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, প্রশাসন মহাবিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৬। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর ।
০৭। সকল উপ-মহাব্যবস্থাপক/ সচিব/ বিভাগীয় প্রধান/ অধ্যক্ষ (প্রশিক্ষণ ইনস্টিটিউট), রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। সংশ্লিষ্ট বিভাগের সঙ্গে সম্পর্কিত ৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখে সমাপ্ত অর্ধ-বার্ষিক সময়কালীন যাবতীয় খরচ/ নগদ প্রদান, সমন্বয় সাধন ও আদায়করণ অবশ্যই ৩০ডিসেম্বর, ২০১৫ তারিখের মধ্যে সমন্বয় করার জন্য অনুরোধ করা হলো।
ঐ সময়ের ওভারটাইম, বিজ্ঞাপন বিল এবং অন্যান্য খরচ এর টাকা ৩০-১২-২০১৫তারিখের মধ্যে প্রদান করা সম্ভব না হলে প্রভিশন করতে হবে। বিভিন্ন বিভাগের ধারণকৃত সকল নগদ ও ডাক মাশুল বাবদ গৃহীত অর্থ নিয়ম মোতাবেক ৩০-১২-২০১৫ তারিখের মধ্যে সমন্বয়/ জমা করতে হবে। সাধারণ সেবা বিভাগকে ৩১-১২-২০১৫ তারিখের ডেডষ্টক ও ষ্টেশনারী দ্রব্যের স্থিতির প্রতিবেদন অত্র বিভাগে ১৫-০১-২০১৬ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাকাব, রাজশাহী/ রংপুর।
০৯। প্রকল্প পরিচালক, এসইসিপি, উপশহর, রাজশাহী।
১০। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১১। সহকারী মহাব্যবস্থাপক, পলিসি/তহবিল ব্যবস্থাপনা, উর্দ্ধতন মুখ্য কর্মকর্তা, ভাউচার/বেতন শাখা, আইটি, কেন্দ্রীয় হিসাব বিভাগ-১, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। বিভাগের সকল লেজার, সাপ্লিমেন্টারী লেজারের ব্যালান্সিং ও প্রধান কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীগণের যাবতীয় অগ্রিমের স্থিতির সঠিকতা নিরূপণপূর্বক প্রতিবেদন ৩০ জানুয়ারীর মধ্যে উপ-মহাব্যবস্থাপক বরাবরে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
১২। অফিস নথি/ মহানথি।

১০-১২-২০১৫ ইং
(মোঃ মজনুর রহমান)
উর্দ্ধতন মুখ্য কর্মকর্তা
ফ্যাক্সঃ ০৭২১-৮৬২৪৫১, ৮৬২৪৫৬।